



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/গণশুনানি/১৫(অংশ-৫)/১৪/৩৬৭১৯(২৮)


তারিখ: ০৬/১২/২০১৭ খ্রি.

বিষয়: রাঙ্গামাটি জেলার সদর উপজেলায় আগামী ১৬ জানুয়ারি, ২০১৮ মঙ্গলবার গণশুনানির আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ জানুয়ারি, ২০১৮ মঙ্গলবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত রাঙ্গামাটি সদর উপজেলা পরিষদ মলনায়তনে টিআইবি'র আর্থিক সহায়তায় কমিশন কর্তৃক গণশুনানি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত গণশুনানি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের সার্বিক সহায়তাসহ উপজেলায় অবস্থিত সরকারি অফিসসমূহ যথা: উপজেলা ভূমি অফিস, জরিপ অফিস, সাব-রেজিস্ট্রি অফিস, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উপজেলা হিসাবরক্ষণ অফিস, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস, উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা যুব উন্নয়ন অফিস, উপজেলা প্রাথমিক/মাধ্যমিক শিক্ষা অফিসসহ অন্যান্য সরকারি অফিসের পক্ষ হতে তথ্য, উপাত্ত, উপস্থাপনা ও গণশুনানিতে সক্রিয় অংশগ্রহণ এবং বহুল প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উক্ত গণশুনানিসমূহে প্রধান অতিথি হিসেবে জনাব এ,এফ,এম, আমিনুল ইসলাম, মাননীয় কমিশনার (তদন্ত), দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকবেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা
রাঙ্গামাটি সদর উপজেলা
রাঙ্গামাটি।


(মোঃ মনিরুজ্জামান)
পরিচালক
(প্রতিরোধ ও গণসচেতনতা)
ফোন: ৯৩৬২৪৩৭

অনুলিপি কার্যার্থে:

১. সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, রাঙ্গামাটি।
২. নির্বাহী পরিচালক, টিআইবি, মাইডাস সেন্টার, বাড়ী নং- ০৫, সড়ক নং- ১৬ (নূতন) ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।
৩. এরিয়া ম্যানেজার, টিআইবি, রাঙ্গামাটি।
৪. সভাপতি, সচেতন নাগরিক কমিটি (সনাক), রাঙ্গামাটি।

অনুলিপি জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. জেলা প্রশাসক, রাঙ্গামাটি (সানুগ্রহ অবগতির জন্য)।
৩. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৪. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (গণমাধ্যমকে অবহিতকরণের অনুরোধসহ)।
৬. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাঙ্গামাটি (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৭. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. কমিশনার অনুসন্ধান/তদন্ত - এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৯. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
১০. চেয়ারম্যান, রাঙ্গামাটি সদর উপজেলা পরিষদ, রাঙ্গামাটি।
১১. মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি।
১২. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, রাঙ্গামাটি সদর উপজেলা, রাঙ্গামাটি।